


# বেকারত্ব বীমা রাজ্য তথ্য ডেটা এক্সচেঞ্জ সিস্টেম (SIDES)

## SIDES কী?

SIDES, আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স স্টেট ইনফরমেশন ডেটা এক্সচেঞ্জ সিস্টেম, হল একটি ওয়েব ভিত্তিক সিস্টেম যা শ্রমিক ও কর্মী বিভাগ (Department of Labor and employers) -কে সরাসরি এবং কার্যকরভাবে যোগাযোগ করতে দেয় যখন কোনো ব্যক্তি একটি নতুন বেকারত্ব বীমা দাবি পেশ করেন। সিস্টেমটি পূর্বতন কর্মচারীর নতুন বেকারত্ব বীমা দাবি সম্পর্কিত শ্রম বিভাগের প্রশ্নগুলি সরাসরি আপনাকে প্রেরণ করে, যাতে আপনি দ্রুত উত্তর দিতে পারেন এবং সিস্টেমে জালিয়াতির বিরুদ্ধে সুরক্ষা দেওয়ার সময় আমরা অবিলম্বে দাবির প্রক্রিয়া করতে পারেন। জাতীয় কর্মসংস্থান সংস্থার রাজ্য সমিতি (National Association of State Workforce Agencies) -র সাথে অংশীদারিত্বের ভিত্তিতে তৈরি, SIDES আপনাকে বা আপনার প্রতিনিধিকে (যেমন, তৃতীয় পক্ষ প্রশাসক) সহজে, সঠিকভাবে এবং সময়মত দাবিগুলির বিষয়ে প্রশ্নের জবাব দিতে সহায়তা করবে।

## SIDES এর দুটি দিক আছে

1. **ব্যবসার জন্য SIDES (সাইডস)-এর ই-প্রতিক্রিয়া:** কম সংখ্যক কর্মচারী এবং কোন প্রতিনিধি নেই (যেমন, কোনও বেতন এজেন্ট) এমন নিয়োগকর্তাদের জন্য, SIDES ই-রেসপন্স সিস্টেমটি আমাদের প্রশ্নের এবং অনুরোধগুলিতে বৈদ্যুতিনভাবে জবাব দিতে আপনাকে সহজ পন্থা প্রদান করে।

2. **তৃতীয় পক্ষের প্রশাসক এবং বড় নিয়োগকর্তাদের জন্য SIDES:** বড় নিয়োগকারীদের জন্য, SIDES বর্তমান সিস্টেমগুলির তুলনায় আপনার, আপনার তৃতীয় পক্ষের প্রশাসকদের এবং রাষ্ট্রীয় এজেন্সি নেটওয়ার্কগুলির মধ্যে আরও স্বয়ংক্রিয় এবং দক্ষ ডেটা-শেয়ারিং এবং ফাইল-ট্র্যাকিং ইন্টারফেস সরবরাহ করে। যেহেতু কম্পিউটার সিস্টেমগুলি একে অপরের সাথে "কথা বলছে", তাই SIDES আপনার সুবিশাল বেকারত্ব বীমার তথ্যগুলি লেনদেন ও মোকাবেলা করার জন্য সবচাইতে নির্ভরযোগ্য এবং কার্যকর উপায় সরবরাহ করে।

## কিভাবে SIDES আমাকে সাহায্য করে?

যখন একজন কর্মী বেকার হয়ে যায় এবং বেকারত্বের বীমা বেনিফিটগুলির জন্য প্রযোজ্য হয় তখন শ্রম বিভাগ কেন কর্মীটি ছেড়ে চলে গেলেন বা তিনি কেন কাজ হারালেন নির্ণয় করতে পূর্বতন নিয়োগকর্তাদের সাথে যোগাযোগ করে। আমাদের এই তথ্য দেওয়ার জন্য আমরা নিয়োগকর্তাদের উপর নির্ভর করি যাতে কর্মীরা সুবিধা পাওয়ার অধিকারী কিনা তা নির্ণয় করতে কর্মীদের দেওয়া সকল তথ্য সহ আমরা এটি ব্যবহার করতে পারি।

কর্মীদের কাছে অনুপযুক্ত বেকারত্বের বীমা পেমেন্টের প্রধান কারণগুলির মধ্যে একটি হল কেন একজন কর্মী তার কাজটি ছেড়ে চলে গেছেন বা হারিয়েছেন সে সম্পর্কে সঠিক তথ্যের অভাব। অনুপযুক্ত বেনিফিট পেমেন্ট প্রতিরোধ করার জন্য, নিয়োগকর্তাদের আমাদেরকে সঠিকভাবে এবং সম্পূর্ণভাবে এবং সময়মত আমাদের অনুরোধগুলির জবাব দিতে হবে। আপনি এটি করার মাধ্যমে, আমাদেরকে আপনার ব্যবসাকে সুরক্ষিত করতে এবং সম্ভাব্য জালিয়াতি প্রতিরোধে আমাদের সাহায্য করবেন।

SIDES এর আপনার জন্য আরো অনেক অন্যান্য সুবিধা রয়েছে:

- এটা বিনামূল্যে ব্যবহার করা যায়
- এটি তথ্য অনুরোধের জন্য একটি জাতীয়ভাবে প্রমিত বিন্যাস অফার করে
- ডেটা চেক সম্পূর্ণ এবং বৈধ তথ্য বিনিময় নিশ্চিত করে
- আপনি দ্রুত তথ্যের জন্য অনুরোধ পান, যার অর্থ আপনি দ্রুত জবাব দিতে পারেন
- আপনার সময়মত উত্তর প্রক্রিয়া করা হয়েছে তার প্রমাণ হিসেবে একটি প্রাপ্তি পাবেন
- এটি প্রশ্ন ও উত্তরগুলির জন্য যোগাযোগের একক পয়েন্ট প্রদান করে
- অপেক্ষাকৃত কম ফলো আপ ফোন কল এবং কম চিঠিপত্র প্রয়োজন হয়
- এটা আপনার ডাক খরচ কমায় এবং কম কাগজের প্রয়োজন হয়
- এটি জালিয়াতি নির্ণয় উন্নত করে

সংক্ষেপে, SIDES আপনাকে আপনার পূর্ববর্তী কর্মচারীদের বিচ্ছেদ দ্রুত এবং সম্পূর্ণরূপে হওয়া সম্পর্কে প্রশ্নের জবাব দিতে সহায়তা করে। এটি বেকারত্ব বীমা ট্রাস্ট তহবিল এবং আপনার নিয়োগকর্তা অ্যাকাউন্টের অখণ্ডতা সংরক্ষণ করার সময় তাদের প্রাপ্য নয় এমন লোকদের কাছে অর্থ প্রদান থেকে বাধা দেয়। জালিয়াতি প্রতিরোধ অবশেষে নিয়োগকারীদের অর্থ সঞ্চয় করে।

## ব্যবসার জন্য আমি কীভাবে SIDES ই-রেসপন্স সাইন-আপ করব?

SIDES ই-রেসপন্স সাইন-আপ করা সহজ। এখানে দুটি ধাপ রয়েছে:

1. যদি আপনার কোনো Unemployment Insurance (আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স) অনলাইন সার্ভিসেস অ্যাকাউন্ট না থাকে, তবে **www.labor.ny.gov/ui/ Authentication/index.shtm**-দেখুন।

   আপনার যদি Department of Taxation and Finance Online Services (ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স অনলাইন সার্ভিসেস) অ্যাকাউন্টে একটি বিদ্যমান অ্যাকাউন্ট থেকে থাকে তবে আপনি আমাদের এই ওয়েবসাইটের নির্দেশাবলী অনুসরণ করে সেই অ্যাকাউন্টটি আপগ্রেড করতে পারেন **www.labor.ny.gov/ui/Authentication/index.shtm** কীভাবে আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স (Unemployment Insurance) অনলাইন সার্ভিসেস এর জন্য সেই অ্যাকাউন্টটি ব্যবহার করবেন। মনে রাখবেন যে আমাদের অনলাইন সার্ভিসেস অ্যাকাউন্টটি আপনাকে আপনার আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স (Unemployment Insurance) অ্যাকাউন্টের তথ্য অ্যাক্সেস সহ, ত্রৈমাসিক আয় অনলাইনে জমা করার ক্ষমতা, শ্রম বিভাগের সাথে যোগাযোগ করার একটি নিরাপদ উপায় এবং আরও অনেক কিছু সহ অন্যান্য সুবিধা প্রদান করে।

2. ফোন করুন **1-888-899-8810**। একজন প্রতিনিধি আপনার অ্যাকাউন্টটি পর্যালোচনা করবেন এবং আপনাকে SIDES এর জন্য সাইন আপ করাবেন।

## ব্যবসার জন্য SIDES ই-রেসপন্স কীভাবে আমাকে একটি অনুরোধের বিষয় জানাবে? কীভাবে আমি সাড়া দেব?

যখনই একজন প্রাক্তন কর্মচারী বেকারত্ব বীমা বেনিফিটগুলির জন্য আবেদন জানাবেন তখন আপনার আনএমপ্লয়মেন্ট ইন্স্যুরেন্স অনলাইন সার্ভিসেস অ্যাকাউন্টের মাধ্যমে আপনি একটি বৈদ্যুতিন SIDES বার্তা পাবেন। আপনাকে একটি জরুরী বার্তার জন্য অপেক্ষা করার বিষয়ে জানাতে একটি পৃথক ইমেল আপনার ই-মেল অ্যাকাউন্টে পাঠানো হবে।

আপনার অ্যাকাউন্টে লগইন করুন এবং আপনার বার্তা চেক করুন। বার্তাটিতে একটি লিংক, একটি পিন এবং নির্দেশ থাকবে কেমন করে এবং কোথায় অনুরোধের জবাব দিতে হবে। লিংকটিতে ক্লিক করুন, SIDES সিস্টেমে সাইন করুন এবং যথাযতভাবে জবাব দিন।

## কীভাবে আমি তৃতীয় পক্ষের প্রশাসক এবং বড় নিয়োগকর্তাদের জন্য SIDES এর জন্য সাইন আপ করব?

বড় নিয়োগকর্তা এবং তৃতীয় পক্ষের প্রশাসকগণ একটি SIDES ইন্টারফেস বিকাশ এবং যোগাযোগের মাধ্যমে সাইন আপ সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে পারেন:

### NATIONAL ASSOCIATION OF STATES WORKFORCE AGENCIES (ন্যাশানাল অ্যাসোসিয়েশন অফ স্টেট ওয়ার্কফোর্স এজেন্সিস - NASWA)

ওয়েবসাইট: **uisides@naswa.org**

ব্যবসায়ের জন্য SIDES ই-রেসপন্স এবং তৃতীয় পক্ষের প্রশাসক এবং বড় নিয়োগকর্তাদের জন্য SIDES সম্পর্কে আরও তথ্য জানার জন্য, আমাদের ওয়েবসাইট দেখুনঃ: **labor.ny.gov/go/SIDES**।



নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম।
TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886 -এ অক্ষম ব্যক্তিদের অনুরোধের ভিত্তিতে সাহায্যকারী সহায়তা এবং পরিষেবাগুলি বিনামূল্যে উপলব্ধ রয়েছে।